

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ই-গভর্নেন্স-২ অধিশাখা  
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০১.১৯.১৭

তারিখ: ২৩ মাঘ ১৪২৫

০৫ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: জেলা/উপজেলা বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯-এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন।

সূত্র: এ বিভাগের স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০২.১৮.১১৯ তারিখ: ১৬ জুলাই ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে ২০১৮-২০১৯ অর্ধ-বছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯-এর ২.১৬ অনুচ্ছেদে উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন জেলা পর্যায়ের ইনোভেশন অফিসারের নিকট এবং জেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন বিভাগীয় ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের নির্দেশনা রয়েছে।

২। এমতাবস্থায়, তাঁর বিভাগের আওতাধীন জেলা/উপজেলাসমূহকে বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়নের সদয় নির্দেশনা প্রদান এবং জেলার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক আগামী ২৮শে ফেব্রুয়ারি ২০১৯-এর মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



৫-২-২০১৯

মোছাঃ শিরিন সবনম

উপসচিব

ফোন: ৪৭১১৯৪৯৭

বিভাগীয় কমিশনার,

ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।

ইমেইল: eg\_sec2@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০১.১৯.১৭/১(৬৮)

তারিখ: ২৩ মাঘ ১৪২৫

০৫ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম।
- ৩) জেলা প্রশাসক (সকল) উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন পরিবীক্ষণের অনুরোধসহ।
- ৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সচিব সমন্বয় ও সংস্কার-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Shurur-

৫-২-২০১৯

মোছাঃ শিরিন সবনম

উপসচিব